



বেলজিয়ামের বিপক্ষে ১-১ গোলে ড্র করল মিসর



ছবি: সংগৃহীত

গ্রুপ 'জি'-এর জমজমাট লড়াইয়ে বেলজিয়াম ও মিসর ১-১ গোলে ড্র করেছে। সিয়াটলে অনুষ্ঠিত ম্যাচে এগিয়ে গিয়েও শেষ পর্যন্ত জয় ধরে রাখতে পারেনি মোহাম্মদ সালাহর মিসর।

ম্যাচের ১৯ মিনিটে অধিনায়ক সালাহর পাস থেকে দুর্দান্ত দূরপাল্লার শটে মিসরকে এগিয়ে দেন ইমাম আশুর। আন্তর্জাতিক ফুটবলে এটি ছিল তার প্রথম গোল। প্রথমার্ধে সেই ব্যবধানই ধরে রাখে আফ্রিকান দলটি।

বিরতির পর আক্রমণের তীব্রতা বাড়ায় বেলজিয়াম। ৫৩ মিনিটে কেভিন ডি ব্রুইনার ফ্রি-কিক পোস্টে লেগে ফিরে এলে সমতা ফেরানো হয়নি তখনই। পরে রোমেলু লুকাকু মাঠে নামার পর আক্রমণে নতুন গতি পায় ইউরোপীয় দলটি।

৬৬ মিনিটে বেলজিয়ামের আক্রমণ ঠেকাতে গিয়ে দুর্ভাগ্যজনক আত্মঘাতী গোল করেন মিসরের ডিফেন্ডার মোহাম্মদ হানি। তাতেই ১-১ সমতায় ফেরে বেলজিয়াম। শেষ দিকে দুই দলই জয়ের জন্য চেষ্টা চালালেও আর কোনো গোল হয়নি। ফলে প্রথম ম্যাচে এক পয়েন্ট করে নিয়ে মাঠ ছাড়ে মিসর ও বেলজিয়াম।